৬৪৪

দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP 27 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি

## সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা দাবী

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব জনাব মোঃ নজরুল ইসলাম এক বিবৃতিতে মাধ্যমিক শিক্ষার গুণগতমান উন্নয়নে সহকারী শিক্ষকগণকে প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদাদান, একটি সুষ্ঠু ও গতিশীল মাধ্যমিক শিক্ষক প্রশাসনিক অবকাঠামো গড়ে তোলার লক্ষ্যে অবিলম্বে স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা, তৃণমূল পর্যায়ে পরিদর্শন প্রসারণ ও পদোন্নতি স্বল্পতা নিরসনকল্পে জেষ্ঠ্যতার ভিত্তিতে সহকারী শিক্ষকদের মধ্য থেকে পদোন্নতির মাধ্যমে সরকারী জেলা শিক্ষা অফিসার সমমর্যাদাসম্পন্ন থানা মাধ্যমিক শিক্ষা অফিসার পদে নিয়োগদান, নিয়োগবিধির প্রয়োজনীয় সংশোধনীর মাধ্যমে মাধ্যমিক শিক্ষার সকল পর্যায় থেকে কলেজ শিক্ষকদের প্রত্যাহার করে তদস্থলে মহাপরিচালক, পরিচালক, উপ-পরিচালক ও সহকারী পরিচালক পদসমূহে যোগ্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের নিয়োগদান এবং কলেজ শিক্ষকদের ন্যায় উপ-সচিব, যুগ্ম সচিব, অতিরিক্ত সচিব ও সচিব পর্যন্ত যোগ্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের নিয়োগদানের জোর দাবী জানান।